# কৃষি মন্ত্রণালয়ে ২০-৮-৯৭ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৬ষ্ঠ সভার কার্য বিবরণী

বিগত ২০-৮-৯৭ ইং তারিখে অতিরিক্ত সচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে সীড প্রমোশন কমিটির ৬ষ্ঠ সভা কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট "খ" এ দেয়া হলো।

সভার প্রারম্ভে অতিরিক্ত সচিব (উপকরণ) ও সভাপতি, সীড প্রমোশন কমিটি উপস্থিত সদস্যবৃন্দেকে স্বাগত জানান এবং কার্যপত্র অনুযায়ী আলোচনা শুরু করার জন্য মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি'কে অনুরোধ করেন।

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভাকে জানান যে, সীড প্রমোশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিভিন্ন মৌসুমে উৎপাদিতব্য বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা বিএডিসি কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের সাথে আলোচনা করে প্রাথমিকভাবে নির্ধারণপুর্বক সীড প্রমোশন কমিটিতে চূড়ান্ত অনুমোদনের জন্য পেশ করার সংস্থান রয়েছে কিন্তু যেহেতু উভয় পর্যায়ে একই সংস্থাসমূহ জড়িত ও অন্যান্য জটিলতা এড়ানোর জন্য রবি মৌসুমের বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা সরাসরি সীড প্রমোশন কমিটির বিবেচনার জন্য পেশ করা হয়েছে। সভায় এ ব্যাপারে আলোচনা হয় ও এখন থেকে এ পদ্ধতি অনুসরণের জন্য সভায় একমত প্রকাশ করা হয়।

আলোচ্যসূচী-১ ঃ **১৯৯৭-৯৮ রবি মৌসুমের জন্য বিএডিসি কর্তৃক গম, বোরো, ভুট্টা, আলু, সরিষা, বাদাম, সূর্যমুখী, সয়াবীন, ছোলা ও মসুর বীজ উৎপাদন কর্মসূচী অনুমোদন ।**

আলোচনা ঃ

(ক) গম বীজ ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, ১৯৯৮-৯৯ সালে বীজ সরবরাহের জন্য বিএডিসি ১৯৯৭-৯৮ সালে ২,২৮৫ টন ভিত্তি ও ২২,০০০ টন প্রত্যায়িত বীজ উৎপাদনের পরিকল্পনা করেছে। তিনি আরও বলেন যে, কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত ৫-৬-৯৭ ইং তারিখের সভার আলোচনা অনুযায়ী বিএডিসি'র বীজ প্রক্রিয়াজাতকরণ ও সংরক্ষণ ক্ষমতার সীমাবদ্ধতার কারণে বোরো বীজ উৎপাদনের কর্মসূচী হ্রাস করে এ বছর ২০০০ টন অধিক গমবীজ উৎপাদনের প্রস্তাব করা হয়েছে।

পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট বলেন যে, বিএডিসি কাঞ্চন জাতের বীজের উৎপাদনের উপরই জোর দিয়েছে এবং বীজ উৎপাদন ও সরবরাহের ক্ষেত্রে একটি জাতের উপর নির্ভর না করে কাঞ্চনের সাথে আকবর ও প্রতিভা জাতের উপরও জোর দেয়ার পক্ষে মতামত দেন। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, কৃষক পর্যায়ে কাঞ্চন জাতের চাহিদাই সর্বাধিক, অন্যান্য জাতের চাহিদা খুবই কম। তাই কাঞ্চন জাতের বীজ সর্বাধিক উৎপন্ন করা হয়। এ পর্যায়ে ব্যবস্থাপক (কঃ গ্রোঃ), বিএডিসি বলেন যে, চুক্তিবদ্ধ চাষীরা কাঞ্চন জাত ছাড়া অন্যান্য জাতের বীজ উৎপাদন করতে আগ্রহী নয় এবং কাঞ্চন জাতের অধিক উৎপাদনশীলতা এর কারণ বলে উল্লেখ করেন। মহা-পরিচালক, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় বলেন যে, সম্প্রতি প্রকাশিত "বীজ বিনিময় কর্মসূচী"-এর ফলাফল অনুযায়ীও আকবর জাতের উৎপাদন সন্তোষজনক নয় এবং তিনি আকবর ও প্রতিভা উভয় জাতের উৎপাদনই দেশের উত্তর/দক্ষিণ-পশ্চিমাঞ্চলে সীমাবদ্ধ রাখার পক্ষে মতামত দেন। সভাপতি মহোদয় সভার সামগ্রিক আলোচনার প্রেক্ষিতে আকবর জাতের বীজ উৎপাদন কমানো ও প্রতিভা জাতের বীজ উৎপাদন বাড়ানোর পক্ষে মতামত দেন।

পরিচালক (গবেষণা), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কাঞ্চন, আকবর ও প্রতিভা জাতের আরও অধিক পরিমাণে ব্রিডার বীজ সরবরাহের প্রস্তাব দেন ও ১৯৯৮-৯৯ সালে ২টি এডভান্স লাইন, বিএডবি□উ-৮৯৭ এবং ৮৯৮ এর বীজ সরবরাহের প্রস্তাব রাখেন।

বিএডিসি'র খামারে ১৯৯৭-৯৮ মৌসুমে উৎপাদনের জন্য এ দু'টি লাইনের ৫০ কেজি করে বীজ 'বারি' থেকে সরবরাহের প্রচেষ্টা নেয়া হবে বলে জানানো হয়।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালের গম মৌসুমে ২,২৮৫ টন ভিত্তি ও ২২,০০০ টন প্রত্যায়িত গমবীজ-এর জাতওয়ারী উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট ১৯৯৭-৯৮ সালে ৩৮০০ কেজি এবং ১৯৯৮-৯৯ সালে ৫১৫০ কেজি ব্রিডার বীজ সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(খ) বোরো বীজ ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, ১৯৯৭-৯৮ বোরো মৌসুমে বিএডিসি ৫,২৫০ টন প্রত্যায়িত বোরো বীজ সরবরাহ করবে এবং ১৯৯৮-৯৯ সালে সরবরাহের জন্য ৫,০০০ টন প্রত্যায়িত বোরো বীজ উৎপাদন করা হবে। তিনি আরও জানান যে, ১৯৯৬-৯৭ সালে সরবরাহকৃত ৫,০৭৩ টন বোরো বীজের মধ্যে মাত্র ২,৮৭৫ টন বোরো বীজ বিক্রি হয়েছে। বিগত ৫-৬-৯৭ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার আলোচনা অনুযায়ী ও বিএডিসি'র বর্তমান গুদামজাতকরণের সুবিধার সীবাবদ্ধতার কারণে বোরো বীজ উৎপাদন কমানো হয়েছে। তাছাড়া পুরনো জাতসমূহের উৎপাদন কর্মসূচী কমিয়ে নতুন জাতগুলোর উৎপাদন বাড়ানো হয়েছে।

বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি বলেন যে, বিএডিসি'র বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা টাস্ক ফোর্সের রিপোর্টসমূহের প্রস্তাবের তুলনায় কম। সভাপতি মহোদয় বলেন যে, গমের উৎপাদন বাড়ানোর জন্য এবং বিএডিসি'র বীজ বিক্রয় ও গুদামজাতকরণ সুবিধার সাথে সামঞ্জস্য রাখার জন্য বোরো বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা কম রাখা হয়েছে।

বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান (বিনা)-এর প্রতিনিধি ইরাটম-২৪ জাতটিও উৎপাদন কর্মসূচীতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব দেন। তিনি বলেন যে, এ জাতটির কিছু লোনা সহিষ্ণুতা আছে। তাছাড়া কিছু কিছু অঞ্চলে স্থানীয়ভাবে এর চাহিদা আছে। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, ইরাটম-২৪ ভাল জাত তবে এটি অনেক পুরানো জাত এবং অন্যান্য জাতের তুলনায় মোটামুটি ভাল। বিআর-২৬ জাতের ভাত-এ কিছুটা আঠালো ভাব থাকায় চাষী পর্যায়ে উহা সমানভাবে গ্রহণযোগ্য হচ্ছে না বলে সভায় মতামত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালের বোরো মৌসুমে ৮৮ টন ভিত্তি বীজ ও ৫,০০০ টন প্রত্যায়িত বোরো বীজ-এর জাতওয়ারী উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (পরিশিষ্ট-'ক')।

(২) বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান ইরাটম-২৪ জাতের ৫০ কেজি করে ব্রিডার বীজ ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে সরবরাহ করবে। বিএডিসি, বিনা থেকে এ বছর ইরাটম-২৪ এর ব্রিডার বীজ সংগ্রহ করে সরাসরি প্রত্যায়িত বীজ উৎপাদন করবে (পরিশিষ্ট-'ক')।

(৩) বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান ১৯৯৭-৯৮ বোরো মৌসুমে মোট ২২০ কেজি ও ১৯৯৮-৯৯ বোরো মৌসুমে মোট ১৯০ কেজি ব্রিডার বীজ সরবরাহ করবে (পরিশিষ্ট-'ক')।

(গ) ভুট্টা বীজ ঃ

আলোচনা ঃ

দেশে ভুট্টা বীজের বর্তমান চাহিদার তুলনায় কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের চাহিদা কম হয়েছে বলে সভায় মত প্রকাশ করা হয়। মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, হাইব্রিড জাতের বীজের চাহিদা দেশে বাড়ছে। পরিচালক (গবেষণা), বারি বলেন যে, হাইব্রিড ভুট্টার জাত বের করার প্রচেষ্টা নেয়া হচ্ছে। বিএডিসি হতে "কম্পোজিট" টাইপের ভূট্টার জাতের কর্মসূচীর প্রস্তাব করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ৯ টন ভিত্তি বীজ ও ৪০০ টন প্রত্যায়িত বীজ উৎপাদন এবং ব্রিডার বীজ ১৯৯৭-৯৮ সালে ১৩৫ কেজি এবং ১৯৯৮-৯৯ সালে ১৪০ কেজি সরবরাহের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হলো (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(ঘ) আলু বীজ ঃ

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি সভাকে অবহিত করেন যে, বিএডিসি'র বর্তমানে ৮,০০০ টন আলুবীজ সংরক্ষণের সুবিধা রয়েছে। এর অধিক বীজ সংরক্ষণ করতে হলে বর্তমান সুবিধা বৃদ্ধি করতে হবে। চলতি সালে শ্রীমঙ্গল এবং শেরপুর-এ

প্রত্যেকটিতে বীজ সংরক্ষণের জন্য মোট দুই হাজার টন ধারণ ক্ষমতার এবং ডোমার খামারে একহাজার টন ক্ষমতার একটি হিমাগার স্থাপন-এর কর্মসূচী নেয়া হয়েছে। তিনি আরও জানান যে, বর্তমান বছরের উৎপাদন কর্মসূচী ভিত্তি বীজের সরবরাহের উপর ভিত্তি করে প্রস্তাব করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ১,৭০০ টন ভিত্তি ও ৬,৮০০ টন প্রত্যায়িত আলু বীজ উৎপাদনের জাতওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) বারি ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে যথাক্রমে ১৩০ টন ও ১৮০ টন প্রাক ভিত্তি বীজ সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(ঙ) সরিষা বীজ ঃ

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক ( বীজ), বিএডিসি জানান যে, আগামী ১৯৯৮-৯৯ সালে সরবরাহের জন্য সরিষার ৭টি জাতের ২.৬৫ টন ভিত্তি বীজ ও ২০০ টন প্রত্যায়িত বীজ উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। তিনি আরও জানান যে, স্বল্পমেয়াদী টরি-৭ জাতের বীজের চাহিদা বাড়ছে। বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠানের প্রতিনিধি অগ্রণী জাতকেও বীজ উৎপাদন কর্মসূচীর অন্তর্ভুক্ত করার প্রস্তাব দেন।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালের রবি মৌসুমে ২.৬৫ টন ভিত্তি ও ২০০ টন প্রত্যায়িত সরিষা বীজ-এর জাতওয়ারী উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে ২ কেজি করে অগ্রণী জাতের ব্রিডার বীজ সরবরাহ করবে ।

(চ) বাদাম বীজ ঃ

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, বর্তমানে বিএডিসি'কে কেবলমাত্র ঝিংগাবাদাম নিয়ে আগাতে হচ্ছে। তবে কৃষক পর্যায়ে এর আরও বহুল প্রচার হওয়া প্রয়োজন বলে তিনি উল্লেখ করেন। পরিচালক (গবেষণা), বারি বলেন যে, ২টি নতুন লাইন ICGS(E)-55 ও M-5 অতি সত্বর অবমুক্ত হবে বলে আশা করা যাচ্ছে। বারি'র প্রতিনিধি উক্ত ২টি এডভান্স লাইনের প্রতিটির ১০ কেজি বীজ ১৯৯৭-৯৮ সালে ও ৫০ কেজি ১৯৯৮-৯৯ সালে পরীক্ষামূলক চাষাবাদের জন্য বিএডিসিকে সরবরাহ করা হবে বলে জানান।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ১৩.৮০ টন ভিত্তি ও ১৬২ টন প্রত্যায়িত বাদাম বীজ উৎপাদনের জাতওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) বারি ১৯৯৭-৯৮ সালে ১,০০৬ কেজি ও ১৯৯৮-৯৯ সালে ১,৬০১ কেজি ব্রিডার বীজ সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(ছ) সূর্যমূখী ঃ

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, বিদেশ থেকে আমদানীকৃত হাইব্রিড জাতের চাহিদা বাড়ছে। তাছাড়া বিভিন্ন এনজিও সূর্যমুখী চাষকে বর্তমানে পূর্বের ন্যায় উৎসাহিত না করায় কিরণী জাতের বীজের চাহিদা কমছে। গত মৌসুমে প্রায় ২৯ টন কিরণী জাতের বীজ অবিক্রীত রয়েছে। পরিচালক (গবেষণা), বারি বলেন যে, হাইব্রিড জাতের বীজ উদ্ভাবনের প্রচেষ্টা নেয়া হচ্ছে।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ৩.৫৫ টন ভিত্তি এবং ৬৫ টন প্রত্যায়িত সূর্যমুখী বীজ উৎপাদনের জাতওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান ৫১ ও ২৯ কেজি কিরণী জাতের ব্রিডার বীজ সরবরাহ করবে।

(জ) সয়াবিন বীজ ঃ

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি জানান যে, বর্তমানে প্রচলিত পিবি-১ সয়াবিন জাতের চাহিদা রয়েছে এবং ন্যাশনাল এগ্রি প্রোডাক্টস লিমিটেড বিএডিসি'র সয়াবিন বীজের প্রধান ক্রেতা। তিনি জানান যে, বিএডিসি'র ১৯৯৭-৯৮ সালে ১০.৫০ টন ভিত্তি ও ৬৫ টন প্রত্যায়িত সয়াবিন বীজ উৎপাদনের পরিকল্পনা রয়েছে।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ১০.৫০ টন ভিত্তি এবং ৬৫ টন প্রত্যায়িত সয়াবিন বীজের জাতওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে ৭৫০ কেজি করে ব্রিডার বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(ঝ) ছোলা বীজ ঃ

আলোচনা ঃ

পরিচালক (গবেষণা), বারি বলেন যে, বারি ছোলা-১ 'ফিউজেরিয়াম উইল্ট' রোগ দ্বারা আক্রান্ত হচ্ছে বিধায় উহার চাষাবাদ কমিয়ে অন্যান্য জাতের চাষাবাদ বাড়ানো প্রয়োজন। তিনি ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে ১০০ কেজি করে বারিছোলা-১ এর ব্রিডার সীড সরবরাহের প্রস্তাব দেন। এছাড়া ১৯৯৮-৯৯ সালে অন্যান্য জাতের ব্রিডার সীড সরবরাহ বৃদ্ধি করার প্রস্তাব দেন। বিনা-এর প্রতিনিধি বলেন যে, বিনাছোলা-২ এর বীজ বোল্ড ও কম আর্দ্রতায় গজানোর হার কম হলেও উৎপাদন প্রায় ঠিকই থাকে এবং তিনি এ বছর ও আগামী বছর ৫০ কেজি করে বিনাছোলা-২ এর ব্রিডার সীড সরবরাহ করার প্রস্তাব দেন।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ৭.১০ টন ভিত্তি ও ৯০ টন প্রত্যায়িত বীজ উৎপাদনের জাতওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে বারি যথাক্রমে ৩৫৮ কেজি ও ৭২৬ কেজি ব্রিডার সীড বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(৩) বাংলাদেশ আণবিক কৃষি গবেষণা প্রতিষ্ঠান ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে ৫০ কেজি করে বিনাছোলা-২ এর ব্রিডার সীড বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(ঞ) মসুর বীজ ঃ

আলোচনা ঃ

মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি বলেন যে, বারি মসুর-১ বর্তমানে বহুল প্রচলিত জাত তবে বিএডিসি নতুন জাতসমূহের বীজ উৎপাদন কর্মসূচী ধীরে ধীরে জোরদার করছে। তিনি আরও বলেন যে, এ বছর ৫.১ টন ভিত্তি ও ১০০ টন প্রত্যায়িত বীজ উৎপাদনের পরিকল্পনা করা হয়েছে। পরিচালক (গবেষণা), বারি ১৯৯৮-৯৯ সালে মোট ৬২ কেজি বারি মসুর-৪ এর ব্রিডার বীজ সরবরাহের প্রস্তাব দেন।

সিদ্ধান্ত ঃ

(১) ১৯৯৭-৯৮ সালে ৫.১ টন ভিত্তি ও ১০০ টন প্রত্যায়িত মসুর বীজ উৎপাদনের জাতওয়ারী লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হল (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

(২) ১৯৯৭-৯৮ ও ১৯৯৮-৯৯ সালে বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান যথাক্রমে ২০৪ কেজি ও ৩৩৪ কেজি ব্রিডার বীজ বিএডিসি'কে সরবরাহ করবে (বিস্তারিত পরিশিষ্ট-'ক')।

সভাপতি মহোদয়, গবেষণা প্রতিষ্ঠান, কৃষি সম্প্রসারণ ও বিএডিসি'র সমবেত প্রচেষ্টায় বীজ কর্মসূচীকে জোরদার করার জন্য পরামর্শ দেন এবং গবেষণা প্রতিষ্ঠানের উদ্ভাবিত নতুন জাতসমূহের গুণাগুণ ও উৎকর্ষতা সম্পর্কে অবহিত করার জন্য সম্প্রসারণ কর্মসূচী গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করা হয়।

স্বাক্ষরিত/- ৩/৯/৯৭
(এম.এ. হালিম)
সভাপতি, সীড প্রমোশন কমিটি
এবং
অতিরিক্ত সচিব (উপকরণ)
কৃষি মন্ত্রণালয়

পরিশিষ্ট-ক

## ১৯৯৭-৯৮ সালে বিএডিসি কর্তৃক বীজ উৎপাদন ও বিএডিসি'কে ব্রিডার বীজ সরবরাহ সংক্রান্ত ২০-৮-৯৭ ইং তারিখের সীড প্রমোশন কমিটির ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত

| বীজের নাম | জাত | ১৯৯৭-৯৮ সালে বীজ উৎপাদনের পরিমাণ (টন) | | ব্রিডার বীজ সরবরাহ (কেজি) | |
|---|---|---|---|---|---|
| | | ভিত্তি | প্রত্যায়িত | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ |
| গম | কাঞ্চন | ২০০০ | ২০৪০০ | ১৫০০ | ২০০০ |
| | আকবর | ৭৫ | ৫০০ | ৫০০ | ৫০০ |
| | অঘ্রাণী | ৫০ | ৩০০ | ২০০ | ১৫০ |
| | প্রতিভা | ১৫০ | ৮০০ | ১৫০০ | ১৫০০ |
| | রাজ-৩০৭৭ | ১০ | - | - | - |
| | বিএডবি□উ-৮৯৭ (এডভান্স লাইন) | - | - | ৫০ | ৫০০ |
| | বিএডবি□উ-৮৯৮ (এডভান্স লাইন) | - | - | ৫০ | ৫০০ |
| মোটঃ | | ২২৮৫ | ২২০০০ | ৩৮০০ | ৫১৫০ |

| | | স্টেজ-১ | স্টেজ-২ | | | |
|---|---|---|---|---|---|---|
| বোরো | বিআর-১ | - | - | ১০০ | - | - |
| | বিআর-৩ | ২ | ১০ | ৩০০ | ৩০ | ১৫ |
| | বিআর-১৪ | ৩ | ১০ | ২০০০ | ৩৫ | ৩০ |
| | বিআর-১৬ | ১ | ১০ | ৫০০ | ১৫ | ১৫ |
| | বিআর-২৬ | ৩ | ১০ | ১০৫০ | ৪০ | ৩০ |
| | ব্রিধান-২৮ | ৪ | ১৫ | ৫০০ | ৫০ | ৫০ |
| | ব্রিধান-২৯ | ৪ | ১৫ | ৫০০ | ৫০ | ৫০ |
| | ইরাটাম-২৪ | ১ | - | ৫০ | ৫০ | ৫০ |
| মোটঃ | | ১৮ | ৭০ | ৫০০০ | ২৭০ | ২৪০ |
| ভুট্টা | বর্ণালী | | ৫ | ২৫৫ | ৭৫ | ৮০ |
| | খৈ ভুট্টা | | ২ | ৭০ | ৩০ | ৩০ |
| | মোহর | | ২ | ৭৫ | ৩০ | ৩০ |
| মোটঃ | | | ৯ | ৪০০ | ১৩৫ | ১৪০ |
| আলু | কার্ডিনাল | | ৬৪৫ | ১৯৪০ | ২৫ টন | ৫০ টন |
| | ডায়মন্ট | | ১০৪২ | ৩১৬৪ | ৭৫ টন | ১০০ টন |
| | মূল্টা | | ৭ | ৬৮ | - | - |
| | পেট্রোনিজ | | - | ৬৮ | - | - |
| | হীরা | | - | ১৪৮ | ২০ টন | ২০ টন |
| | ক্লিওপেট্রা | | - | ১২০ | - | - |
| | বিনেলা | | ৬ | ১২৯২ | - | - |
| | চমক | | - | - | ১০ টন | ১০ টন |
| মোটঃ | | | ১৭০০ | ৬৮০০ | ১৩০ টন | ১৮০ টন |

| বীজের নাম | জাত | ১৯৯৭-৯৮ সালে বীজ উৎপাদনের পরিমাণ (টন) | | ব্রিডার বীজ সরবরাহ (কেজি) | |
|---|---|---|---|---|---|
| | | ভিত্তি | প্রত্যায়িত | ১৯৯৭-৯৮ | ১৯৯৮-৯৯ |
| সরিষা | সোনালী | ০.২৫ | ১৫ | ৩ | ৩ |
| | সম্পদ | ০.৫০ | ৩৫ | ৫ | ৫ |
| | টরি-৭ | ০.৯০ | ৭৫ | ১১ | ১৪ |
| | বারি সরিষা-৬ | ০.৪৫ | ৩৮ | ৫ | ৫ |
| | বারি সরিষা-৭ | ০.১৫ | ১২ | ২ | ২ |
| | বারি সরিষা-৮ | ০.১৫ | ১২ | ২ | ২ |
| | পাক্কারাই | ০.১৫ | ১৩ | - | - |
| | অগ্রণী | ০.১০ | - | ২ | ২ |
| মোটঃ | | ২.৬৫ | ২০০ | ৩০ | ৩৩ |
| বাদাম | ঢাকা-১ | ৩.০০ | ৪০ | ২৫৬ | ২৫৬ |
| | ঝিঙ্গাবাদাম | ১০.৮০ | ১২২ | ৬৯০ | ১২৪৫ |
| | আইসিজিএস (ই)-৫৫ (এডভান্স লাইন) | - | - | ৫০ | ৫০ |
| | এম-৫ (এডভান্স লাইন) | - | - | ১০ | ৫০ |
| মোটঃ | | ১৩.৮০ | ১৬২ | ১০০৬ | ১৬০১ |
| সূর্যমূখী | কিরণী | ৩.৫৫ | ৬৫ | ৫১ | ২৯ |
| সয়াবিন | পিবি-১ | ৮.৭৫ | ৫৭ | ৬২৫ | ৬২৫ |
| | জি-২ | ১.৭৫ | ৮ | ১২৫ | ১২৫ |
| মোটঃ | | ১০.৫০ | ৬৫ | ৭৫০ | ৭৫০ |
| ছোলা | বারি ছোলা-১ | ৩.৫০ | ৩৫ | ১০০ | ১০০ |
| | বারি ছোলা-২ | ২.২০ | ৪১ | ১৩২ | ২০০ |
| | বারি ছোলা-৩ | ০.৬০ | ৫ | ৩৬ | ৮৬ |
| | বারি ছোলা-৪ | ০.৬০ | - | ৩৬ | ৮৬ |
| | বারি ছোলা-৫ | ০.৬০ | ৮ | ৩৬ | ১৩৬ |
| | বারি ছোলা-৬ | ০.৩০ | - | ১৮ | ১১৮ |
| | বিনা ছোলা-২ | ০.৩০ | ১ | ৫০ | ৫০ |
| মোটঃ | | ৮.১০ | ৯০ | ৪০৮ | ৭৭৬ |
| মসুর | বারি মসুর-১ | ২.৪০ | ৫৫ | ৯৬ | ১৩৬ |
| | বারি মসুর-২ | ১.৬০ | ৩৫ | ৬৪ | ১০৪ |
| | বারি মসুর-৩ | ০.৮০ | ১০ | ৩২ | ৩২ |
| | বারি মসুর-৪ | ০.৩০ | - | ১২ | ৬২ |
| মোট ঃ | | ৫.১০ | ১০০ | ২০৪ | ৩৩৪ |

পরিশিষ্ট-খ

**মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা এর স্মারক নং-১মব্য(বীজ)৯৫-৯৬(অংশ)৫১/১৫৮(২০) তারিখ ১১-৮-৯৭ ইং অনুযায়ী আহ্বায়িত সীড প্রমোশন কমিটির ২০-৮-৯৭ ইং তারিখের ৬ষ্ঠ সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ**

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ খায়রুল বাশার | ভারপ্রাপ্ত বিভাগীয় প্রধান, জিআরএস বিভাগ, ব্রি | (০৬৮১)-২১৭২-৩৩৯ |
| ২. | ডঃ এ. বি. এম. আব্দুল্লাহ | পরিচালক (কৃষি), বিজেআরআই | ৯১১৬০৯৬ |
| ৩. | জনাব মুঃ ফজলুল হক রিকাবদার | পরিচালক, কৃষি তথ্য সার্ভিস | ৯১১২২৬০ |
| ৪. | ডঃ এম এ হামিদ | সি,এস,ও, বিআইএনএ | ৫৫৪০১ (ময়মনসিংহ) |
| ৫. | জনাব মোহাম্মদ আবু ইচ্ছা | উপ-পরিচালক, ডি.এ.ই. | ৩২৬৬৭১ |
| ৬. | কাজী নিজামুল আলম | ব্যবস্থাপক (খামার), বিএডিসি | ৯৫৫২০৯৬ |
| ৭. | জনাব হামিজ উদ্দিন আহমেদ | পরিচালক (গবেষণা), বারি | ০৬৮১/২৫৭০ |
| ৮. | জনাব মোঃ নূরুল ইসলাম | ভারপ্রাপ্ত মহা-পরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয় | ৮৬০২৩৮ |
| ৯. | জনাব আই. এন. বড়ুয়া | ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি | ৯৫৫২৩০৪ |
| ১০. | জনাব সিরাজ আহমেদ চৌধুরী | সহ-সভাপতি, বাংলাদেশ সীড মার্চেন্ট এসোঃ | ৯৬৬১০৭২-৪ |
| ১১. | জনাব এম.এল.রায় | ব্যবস্থাপক (টিসি), বিএডিসি | ৯৫৫২৭৫৭ |
| ১২. | জনাব গোলাম আহমেদ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী | ০৬৮১-২০৩৩ |
| ১৩. | ডঃ মীর মোশাররফ হোসেন | ব্যবস্থাপক (কঃ গ্রোঃ), বিএডিসি | ৯৫৫২৬০১ |
| ১৪. | জনাব মোঃ হুমায়ুন কবির | সহকারী বীজ তত্ত্ববিদ, বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৮৬৩৬৩৯/৩৭৫৮ |
| ১৫. | জনাব জি.এম. মঈনুদ্দীন | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি | ৯৫৫২৩১৭ |
| ১৬. | জনাব মোস্তফা হুসেন | ব্যবস্থাপক (কর্মসূচী ), বিএডিসি | ৯৫৫৮৫৭৭ |